# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

বোর্ড সচিবালয়
পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫
ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Board Secretariat
PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-৩৩৯

তারিখ: ১৯ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ
০৩ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ

## দপ্তরাদেশ

সূত্রঃ বোর্ড সচিবালয়ের স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-২১৫; তারিখঃ ১৭ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নৈতিকতা কমিটির ৩৩ তম সভা গত ০৯/০৩/২০২৩ খ্রিঃ তারিখে নৈতিকতা কমিটির আহবায়ক ও বাপাউবো মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সর্বসম্মতভাবে গৃহীত সিদ্ধান্তের ১ নং সিদ্ধান্ত নিম্নরূপঃ

**"যে সমস্ত দপ্তরে অকেজো মালামাল রক্ষিত আছে তা বিনষ্ট করার জন্য সংশ্লিষ্ট দপ্তরে একটি কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটির মাধ্যমে অকেজো মালামালের তালিকা প্রস্তুত করতঃ বিনষ্ট করতে হবে এবং বোর্ড সচিবালয়কে অবহিত করতে হবে। এ বিষয়ে বোর্ড সচিবালয় একটি দপ্তরাদেশ জারী করবে।"**

২। নৈতিকতা কমিটির উপর্যুক্ত সিদ্ধান্ত মোতাবেক সূত্রোস্থ স্মারক মোতাবেক বোর্ড সচিবালয় কর্তৃক একটি দপ্তরাদেশ জারী করা হয়। উক্ত দপ্তরাদেশ মোতাবেক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ঢাকাস্থ সকল দপ্তর জরুরীভাবে অকেজো মালামাল বিনষ্টকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বোর্ড সচিবালয়কে জানানোর জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল। এছাড়াও, ২০২২-২০২৩ অর্থ বছরে বাপাউবো'র ঢাকাস্থ যে সকল দপ্তর কর্তৃক অকেজো মালামাল বিনষ্ট করা হয়েছে সে সকল দপ্তর হতে অকেজো মালামাল বিনষ্টকরণের তথ্যাদি বোর্ড সচিবালয়ে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল।

৩। যে সকল দপ্তর ইতোমধ্যে সূত্রোস্থ স্মারক এর নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করেছেন, সে সকল দপ্তরকে আগামী ০৫/০৭/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অকোজো মালামাল বিনষ্ট/নিষ্পত্তির তথ্যাদি বোর্ড সচিবালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এছাড়া ঢাকাস্থ যে সকল দপ্তরে বিনষ্টকরণের জন্য অকেজো মালামাল নেই, সে সকল দপ্তরকে আগামী ০৫/০৭/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে বোর্ড সচিবালয়ের ই-মেইলে (bwdbsecretary@gmail.com) 'কোন অকোজো মালামাল নেই' মর্মে একটি শূন্য প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৫। এ দপ্তরাদেশ জারীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

০৩-০৭-২০২৩
মোঃ সিরাজুল ইসলাম
উপ-পরিচালক (বোর্ড)
বোর্ড সচিবালয়
বাপাউবো, ঢাকা।

বিতরণ (কার্যার্থে/ জ্ঞাতার্থে)ঃ

১। প্রধান প্রকৌশলী /অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান (ঢাকাস্থ সকল দপ্তর), ........................বাপাউবো ........................।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/ প্রকল্প-পরিচালক (ঢাকাস্থ সকল দপ্তর) ........................ বাপাউবো ........................।
৩। চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। নির্বাহী প্রকৌশলী (ঢাকাস্থ সকল দপ্তর) ........................................................ বাপাউবো ........................।
৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা) বাপাউবো, ঢাকা।
৭। অফিস কপি/মাষ্টার কপি।

C:\Users\BWDB\Desktop\তাগিদপত্র.docx

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

বোর্ড সচিবালয়
পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫
ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Board Secretariat
PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-২১৫

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
১৭ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

## দপ্তরাদেশ

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নৈতিকতা কমিটির ৩৩ তম সভা গত ০৯/০৩/২০২৩ খ্রিঃ তারিখে নৈতিকতা কমিটির আহবায়ক ও বাপাউবো মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সর্বসম্মতভাবে গৃহীত সিদ্ধান্তের ১ নং সিদ্ধান্ত নিম্নরূপঃ

**"যে সমস্ত দপ্তরে অকেজো মালামাল রক্ষিত আছে তা বিনষ্ট করার জন্য সংশ্লিষ্ট দপ্তরে একটি কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটির মাধ্যমে অকেজো মালামালের তালিকা প্রস্তুত করতঃ বিনষ্ট করতে হবে এবং বোর্ড সচিবালয়কে অবহিত করতে হবে। এ বিষয়ে বোর্ড সচিবালয় একটি দপ্তরাদেশ জারী করবে।"**

২। নৈতিকতা কমিটির উপর্যুক্ত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ঢাকাস্থ সকল দপ্তর জরুরীভাবে অকেজো মালামাল বিনষ্টকরণের নিমিত্ত একটি কমিটি গঠন করবে এবং উক্ত কমিটি সংশ্লিস্ট দপ্তর প্রধানের তত্ত্বাবধানে অকেজো মালামাল বিনষ্ট করবে। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ দপ্তরে রক্ষিত অকেজো মালামাল বিনষ্ট/ধ্বংস করে আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে প্রয়োজনীয় তথ্যাদিসহ (কমিটি গঠনের দপ্তরাদেশ, মালামালের তালিকা ইত্যাদি) বোর্ড সচিবালয়কে অবহিত করবে।

৩। এছাড়া, ২০২২-২০২৩ অর্থ বছরে বাপাউবো'র ঢাকাস্থ যে সকল দপ্তর কর্তৃক অকেজো মালামাল বিনষ্ট করা হয়েছে সে সকল দপ্তর হতে অকেজো মালামাল বিনষ্টকরণের তথ্যাদি (কমিটি গঠনের দপ্তরাদেশ, মালামালের তালিকা ইত্যাদি) আগামী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে বোর্ড সচিবালয়ে প্রেরণ করতে হবে।

৫। এ দপ্তরাদেশ জারীতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

বিষয়টি অতি জরুরী।

১৭/০৫/২৩
পরিচালক (বোর্ড)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা

বিতরণ (কার্যার্থে/ জ্ঞাতার্থে)ঃ

১। প্রধান প্রকৌশলী /অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান (ঢাকাস্থ সকল দপ্তর), ........................বাপাউবো ...................... ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/ প্রকল্প-পরিচালক (ঢাকাস্থ সকল দপ্তর) ...................... বাপাউবো ...................... ।
৩। চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। নির্বাহী প্রকৌশলী (ঢাকাস্থ সকল দপ্তর) ........................................................ বাপাউবো ...................... ।
৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা) বাপাউবো, ঢাকা।
৭। অফিস কপি/মাষ্টার কপি।

১৭.০৫.২০২৩
মোঃ সিরাজুল ইসলাম
উপ-পরিচালক (বোর্ড)
বাপাউবো, ঢাকা।